Total No. of Printed Pages—7

**HS/XII/A. Sc. Com/B/25**

**2025**

**BENGALI**

**( Modern Indian Language )**

*Full Marks* : 100

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*General Instructions* :

(i) Write all the answers in the Answer Script.

(ii) Attempt all parts of a question together at one place.

১। বন্ধনী থেকে সঠিক শব্দ চয়ন করে শূন্যস্থান পূর্ণ কর (যে-কোন **পাঁচটি**) : ১×৫=৫

(ক) "কেউ গাছের _____ তোলে এইটে ওর বড়ো বাজে।"

( পাতা / ফুল / ফল )

(খ) "দেখলুম একটা _____গাছের চারা বাগানের খোওয়া-দেওয়া রাস্তার মাঝখানেই উঠেছে।"

( গোলাপ / নিম / শিমুল )

(গ) "সকল অলংকারের শ্রেষ্ঠ অলংকার _____।"

( সরলতা / নির্মলতা / গরলতা )

(ঘ) " যে বিষয়ে যাহার অধিকার নাই, সে বিষয়ে তাহার হস্তক্ষেপণ _____।"

( কর্ত্তব্য / অকর্ত্তব্য / অনুচিত )

(ঙ) ''_____ ক্লাসেরই টিকিট ছিল।''

( ফার্স্ট / সেকেণ্ড / থার্ড )

(চ) বৃদ্ধা সেকালের _____ স্কুলে পড়েছিলেন।

( বেথুন / নর্মাল / প্রাথমিক )

(ছ) ''ওই গাছ যে ছিল তাঁর বলাইয়ের প্রতিরূপ, তারই প্রাণের _____।''

( দোসর / বন্ধু / সখা )

২। *দু-একটি* শব্দে যে-কোন **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) ''যথা বাসবের ধনুঃ ঘন-বর শিরে ;'' 'বাসব' কে?

(খ) ''শিখী সহ, শিখিনী সুখিনী
নাচিত দুয়ারে মোর!''

'শিখিনী' কার দুয়ারে নাচত?

(গ) বাংলা ভাষা উচ্চারিত হলে—অন্ধ বাউলের কোন্ বাদ্যযন্ত্র বাজে?

(ঘ) ''নানি বিষাদসিন্ধুর স্পন্দে দুলে দুলে
রমজানি সাঁঝে ভাজেন ডালের বড়া,''

'রমজান' কী?

(ঙ) ''হাটে মাঠে বাটে এইমত কাটে বছর পনেরো-ষোলো,''

পংক্তিটি কোন্ কবিতার অংশ?

(চ) ''এ জগতে হায় সেই বেশি চায় আছে যার ভুরি ভুরি,
রাজার হস্ত করে সমস্ত কাঙালের _____ চুরি।''

শূন্যস্থান পূর্ণ কর।

(ছ) ''বসি তার তলে নয়নের জলে শান্ত হইল ব্যথা,''

এখানে কার 'ব্যথা' 'শান্ত' হয়েছে?

৩। *দু-একটি* শব্দে যে-কোন **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) বিক্রমসিংহ কোন্ রাজ্যের রাজা ছিলেন ?

(খ) মাণিকলালের কন্যার বয়স কত ?

(গ) ''আমি রাজপুতকুলের কলঙ্ক।'' 'আমি' কে ?

(ঘ) ''রাণার কাছে পুরস্কারের মধ্যে প্রাণদণ্ড হইবে।'' বক্তা কে ?

(ঙ) চঞ্চলকুমারীর পিতৃকুল পুরোহিতের নাম কী ?

৪। যে-কোন **তিনটি** প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৩=৬

(ক) ''যে ভাষা আপনি জানেন না, পরের গ্রন্থের সাহায্যে সে ভাষা হইতে কদাচ উদ্ধৃত করিবেন না।'' বক্তা কে ? বক্তা কাদেরকে পরের গ্রন্থ থেকে উদ্ধৃতি দিতে বারণ করেছেন ?

(খ) বলাইয়ের সবচেয়ে বিপদের দিন কোনটি ?

(গ) ''আরো দু-চারবার এর মৃত্যুদণ্ডের প্রস্তাব করা গেল।'' এখানে কে, কার মৃত্যুদণ্ডের প্রস্তাব করেছিলেন ?

(ঘ) ''আমার মজুরী আট আনা। দু টাকা দিচ্ছেন কেন ?'' কে, কাকে এই কথাটি বলেছেন ?

(ঙ) 'দুধের দাম' গল্পে বৃদ্ধার কোন্ পা মচকে ছিল ? তিনি কোথায় যাবেন ?

৫। যে-কোন **পাঁচটি** প্রশ্নের উত্তর সংক্ষেপে দাও : ২×৫=১০

(ক) ‘‘হেরি তব অশ্রু-বারি ইচ্ছি মরিবারে।’’ কে, কাকে এই কথাটি বলেছেন ?

(খ) ‘‘ভুলিনু পূর্বের সুখ।’’ বক্তা কে ? তিনি কোন্ সুখের কথা বলেছেন ?

(গ) ‘‘...মা আমার দোলনা দুলিয়ে কাটছেন
ঘুম পাড়ানিয়া ছড়া কোন্ সে সুদূরে, সত্তা তার
আশাবরী।’’
পংক্তিটি কোন্ কবিতার অংশ ? কবির নাম কী ?

(ঘ) ‘‘কহিলাম তবে বক্ষে জুড়িয়া পাণি
সজলচক্ষে, করুন রক্ষে গরিবের ভিটেখানি।’’
কে, কাকে উদ্দেশ্য করে কথাগুলি বলেছেন ?

(ঙ) ‘‘পরে মাস-দেড়ে ভিটে মাটি ছেড়ে বাহির হইনু পথে—’’
এখানে কে, কেন পথে বের হয়েছে ?

(চ) ‘‘হংসী কি বকের সেবা করে ?’’ এখানে ‘হংসী’ ও ‘বক’ বলতে যথাক্রমে কে কে ?

(ছ) ‘‘তুই মরিতে এত ভীত কেন ?’’ কে, কাকে এই উক্তিটি করেছেন ?

(জ) ‘‘মা লক্ষ্মী,—আমাকে স্মরণ করিয়াছ কেন ?’’ বক্তা কে ? এখানে ‘মা লক্ষ্মী’ বলতে কাকে বোঝানো হয়েছে ?

৬। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) ''তুমি আমার ছেলে বাবা, ছেলের কাজই করেছ।'' কে, কাকে ও কেন এই কথাটি বলেছেন, সংক্ষেপে লেখ। ১+১+২=৪

(খ) ''এইজন্যে ব্যথাটা লুকোতে চেষ্টা করে।'' কোন্ রচনার অংশ? এখানে কে এবং কেন ব্যথা লুকোতে চেষ্টা করে, সংক্ষেপে লেখ। ১+১+২=৪

(গ) ''না, কাকা, তোমার দুটি পায়ে পড়ি, উপড়ে ফেল না।'' কথাটি কে বলেছিল? এখানে কী উপড়ে ফেলার কথা বলা হয়েছে এবং কেন?
১+১+২=৪

(ঘ) সাহিত্যের উদ্দেশ্য কী? কোন্ সকল প্রবন্ধ কখনও হিতকর হতে পারে না?

৭। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'রাজসিংহ' উপন্যাসের পাঠ্যাংশ অবলম্বনে রাজসিংহ-এর চরিত্র আলোচনা কর।

(খ) 'রাজসিংহ' উপন্যাসের তোমার পঠিত অংশে গুহার মধ্যে যে ঘটনা ঘটেছে তার সবিশেষ আলোচনা কর।

(গ) পঠিত 'রাজসিংহ' গদ্যাংশ অবলম্বনে মাণিকলাল চরিত্রটি আলোচনা কর।

৮। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'বাংলা ভাষা উচ্চারিত হলে' কবিতার সারমর্ম লেখ।

(খ) 'সীতা ও সরমা' কবিতা অবলম্বনে সীতাদেবী পঞ্চবটী বনের যে সৌন্দর্যের বর্ণনা করেছেন তার আলোচনা কর।

(গ) 'দুই বিঘা জমি' কবিতার সারাংশ আলোচনা কর।

৯। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ‘বলাই’ গল্পে বর্ণিত বলাই চরিত্রে প্রকৃতি-প্রীতির যে বৈশিষ্ট্য ফুটে উঠেছে তা তোমার নিজের ভাষায় আলোচনা কর।

(খ) ‘দুধের দাম’ গল্পটির সারাংশ আলোচনা কর।

(গ) “বাঙ্গালা সাহিত্য, বাঙ্গালার ভরসা। এই নিয়মগুলি বাঙ্গালা লেখকদিগের দ্বারা রক্ষিত হইলে, বাঙ্গালা সাহিত্যের উন্নতি বেগে হইতে থাকিবে।” বাংলা সাহিত্যের উন্নতির জন্য বঙ্কিমচন্দ্র বাংলার নব্য লেখকদেরকে যে উপদেশগুলি দিয়েছেন তা নিজের ভাষায় আলোচনা কর।

১০। উদাহরণসহ সংজ্ঞা দাও (যে-কোন **দুটি**) : ৩×২=৬

স্বরভক্তি ; স্বরসঙ্গতি ; সমীভবন ; অপিনিহিতি ; অভিশ্রুতি।

১১। নির্দেশ অনুসারে উত্তর দাও : ১+১=২

(ক) নীচের শব্দগুলিতে কোন্ ধরনের পরিবর্তন সাধিত হয়েছে, উল্লেখ কর (যে-কোন **একটি**) :

রাইত ; পিচাশ ; রিস্কা ; ভিখিরী।

(খ) নীচের পংক্তিটির অলঙ্কার নির্ণয় কর :

“ননীর মত শয্যা কোমল পাতা।”

১২। নীচের অলঙ্কারগুলির উদাহরণসহ সংজ্ঞা দাও (যে-কোন **দুটি**) : ৩×২=৬

শ্লেষ ; উপমা ; সমাসোক্তি ; অনুপ্রাস।

১৩। বঙ্গানুবাদ কর (যে-কোন **চারটি**) : ২×৪=৮

(ক) Cleanliness is next to godliness.

(খ) Example is the better than precept.

(গ) The true gentleman is of no rank or class.

(ঘ) Tomorrow always beyond the view.

(ঙ) Better alone than in bad company.

(চ) Necessity is the mother of invention.

(ছ) The devil would not listen to the scripture.

(জ) Rome was not built in a day.

১৪। নীচের অনুচ্ছেদটির সারাংশ লেখ : ৮

''হে ভারত, নৃপতিরে শিখায়েছ তুমি
ত্যজিতে মুকুট, দণ্ড সিংহাসন ভূমি—
ধরিতে দরিদ্র বেশ। শিখায়েছ বীরে
ধর্মযুদ্ধে পদে পদে ক্ষমিতে অরিরে,
ভুলি জয় পরাজয় শর সংহরিতে।
কর্মীরে শিখালে তুমি যোগযুক্ত চিতে
সর্বফলস্পৃহা ব্রহ্মে দিতে উপহার।
গৃহীরে শিখালে গৃহ করিতে বিস্তার
প্রতিবেশী আত্মবন্ধু অতিথি অনাথে।''

১৫। নীচের যে-কোন **একটি** বিষয় অবলম্বনে একটি রচনা লেখ : ১০

(ক) 'পরিবেশ দূষণ ও তার প্রতিকার'

(খ) 'শ্রমের মর্যাদা'

(গ) 'তোমার জীবনের একটি স্মরণীয় ঘটনা'

(ঘ) 'মানব জীবনে ড্রাগ একটি অভিশাপ'

★★★